

সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব নাসিমা সাদেক, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর।

স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর এর সভাকক্ষ।

তারিখ : ২৬.০৬.২০২২ খ্রি.

সময় : বেলা ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর রেজিস্টারে সংরক্ষিত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। সভার শুরুতে উপজেলা সমাজসেবা অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃষ্টিকরণ করা হয়। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে কেশবপুর উপজেলায় ১২টি ইউনিটের বর্ধিতসহ মোট ১৫৬৬৯ জন বয়স্ক, ৮৪২১ জন বিধবাও ৪৪৭৯ জন প্রতিবন্ধী ভাতাভোগীরসহ সর্বমোট ২৮৯৫০ জন ভাতাভোগীর মাঝে ১ম হতে ৪র্থ কিস্তি পর্যন্তমোট ১৮ কোটি উনআশি লক্ষ সাইত্রিশ হাজার চারশত টাকা জিটুপি পদ্ধতিতে বিতরণ করা হয়েছে। তিনি জানান, কেশবপুর পৌরসভাসহসকল ইউনিয়নের যে সকল ভাতার আবেদন অপেক্ষমাণ তালিকায় রাখা হয়েছিলো তার অধিকাংশই মূল তালিকায় অন্তর্ভুক্ত হয়েছেন এবং ভাতা পেতে শুরু করেছেন।এমতাবস্থায়, এ উপজেলায় যেসকল ভাতা প্রাপ্তির যোগ্য ব্যক্তি এখনো ভাতা পাননি তাদের কাছ থেকে আবেদন সংগ্রহ করা এবং মৃত ভাতাভোগীর স্থলে প্রতিস্থাপন করার সুযোগ রয়েছে।	বয়স্ক ও বিধবা ভাতা প্রাপ্তির যোগ্য সকল ব্যক্তিকে সচ্ছতার সাথে ভাতা প্রদান প্রক্রিয়া সম্পন্ন করায় উপজেলা সমাজসেবা অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। এছাড়া কিছু কিছু ইউনিয়নে এখনো যারা ভাতা পাননি তাদের তালিকা প্রস্তুতপূর্বক মৃত ভাতাভোগীদের স্থানে প্রতিস্থাপন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।	উপজেলা সমাজসেবা অফিসার
০২.	সদস্য সচিব জানান যে, সমাজসেবা কার্যালয়ের ঘূর্ণায়মান তহবিলের (খণ্ডের) বিনিয়োগকৃত কিছু অর্থ দীর্ঘদিন যাবত যার কিছু অংশ সমাজসেবা অধিদফতর ঘোষিত ক্ষুদ্রঋণ জাগরণী সপ্তাহে সকলের সহযোগীতায় আদায় করা সম্ভব হয়েছে। অবশিষ্ট অনাদায়ী অর্থ আদায়ে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগীতা প্রয়োজন।	দীর্ঘ দিনের অনাদায়ী অর্থ আদায়ে জনপ্রতিনিধিসহ সকলকে সহযোগীতা করার জন্য অনুরোধ করা হয়।	ঐ
০৩.	সদস্য সচিব, উপজেলা সমাজসেবা অফিসার, সভায় জানান যে, হাসপাতাল সমাসেবা কার্যক্রমের মাধ্যমে অসহায় রোগীর চিকিৎসা সেবা প্রদান করা হয়। এই কার্যক্রমকে আরো প্রসারিত করার জন্য রোগী কল্যাণ সমিতির ফান্ড বৃদ্ধি করা প্রয়োজন।	আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	ঐ

সভাপতি সমাজসেবা কার্যক্রমকে গতিশীল রাখার জন্য অনুরোধ করেন এবংকোন বিশেষ আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Nasim
26.6.2022
(নাসিমা সাদেক)

সভাপতি

সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর।